রেজিস্ট্রার-এর কার্যালয়
# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন ঃ ০৯২১-৬২৪০১, টেলি-ফ্যাক্সঃ ০৯২১-৬২১৬৯

বিশ্ববিদ্যালয় প্রকৌশলী, উপ-রেজিস্ট্রার, প্রশাসনিক কর্মকর্তা, ল্যাবরেটরি অ্যাসিস্টেন্ট, অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট, হিসাব সহকারী, ইলেকট্রিশিয়ান, বাবুর্চী, লিফট অপারেটর, সহকারী বাবুর্চী, টেবিল বয়, টেবিল গার্ল, সিক বয় সিক গার্ল এবং অফিস সহায়ক পদে নিয়োগের ক্ষেত্রে 'ন্যূনতম প্রয়োজনীয় যোগ্যতা' (এমপিকিউ) ঃ

| পদের নাম, বেতনস্কেল (জা.বে.স্কেল-২০১৫), গ্রেড ও বয়স | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|
| বিশ্ববিদ্যালয় প্রকৌশলী<br>বেতনস্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/-<br>গ্রেড-০৩ | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / ইনস্টিটিউট থেকে প্রকৌশলে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেনী /সমমানের গ্রেড থাকতে হবে।<br>প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে ০৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ সরকারী/স্বায়ত্বশাসীত প্রতিষ্ঠানে প্রথম শ্রেনীর পদে মোট ১৫(পনের) বছর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রকৌশল অফিসের বিভিন্ন শাখায় নির্মান, রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কাজের তদারকী ও ব্যবস্থাপনা এবং উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন ও ব্যবস্থাপনা কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে বিশেষ দক্ষতা থাকতে হবে। |
| উপ-রেজিস্ট্রার<br>বেতনস্কেলঃ ৪৩০০০-৬৯৮৫০/-<br>গ্রেড-০৫ | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর/সমমানের ডিগ্রী /গ্রেড থাকতে হবে। কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহনযোগ্য নয়।<br>প্রার্থীর যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী /স্বায়ত্বশাসীত প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসাবে সর্বমোট ১০ বছরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সমমানের পদে ০৪ (চার) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। প্রশাসনিক দক্ষতা ও প্রশাসন পরিচালনায় প্রার্থীর অভিজ্ঞ হতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। |
| প্রশাসনিক কর্মকর্তা<br>বেতনস্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>গ্রেড-১০<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর। | প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। সরকারি/আধা-সরকারি//স্বায়ত্বশাসিত/ বেসরকারি প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে কম্পিউটার পচিলানায় পারদর্শি হতে হবে। |
| ল্যাবরেটরি অ্যাসিস্টেন্ট<br>বেতনস্কেলঃ ১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড-১৩<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর। | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে এইচএসসি (মেকানিক্যাল বিষয়ে ভোকেশনাল) থাকিতে হইবে। মেকানিক্যাল মেশিনশপের/ল্যাবের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিচালনার অভিজ্ঞতাসহ জুনিয়র টেকনিশিয়ান/সমমানের পদে কমপক্ষে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে এসএসসি (মেকানিক্যাল বিষয়ে ভোকেশনাল) থাকিতে হইবে। মেকানিক্যাল মেশিনশপের/ল্যাবের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিচালনার অভিজ্ঞতাসহ জুনিয়র টেকনিশিয়ান/সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে এসএসসি/সমমান পরীক্ষায় পাসসহ সরকারী কোন প্রতিষ্ঠান বা স্বীকৃত শিক্ষাবোর্ডের অধীন মেকানিক্যাল বিষয়ে ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স পাশের সার্টিফিকেট থাকিতে হইবে। মেকানিক্যাল মেশিনশপের/ল্যাবের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিচালনার অভিজ্ঞতাসহ জুনিয়র টেকনিশিয়ান/সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।" |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ক) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে।<br>খ) যে কোন বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্ম অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) প্রার্থীকে কম্পিউটার টাইপিং-এ বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ৩০ শব্দ এবং ইরেজিতে ন্যূনতম ৪০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>ঙ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শীথিলযোগ্য। |
| হিসাব সহকারী<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০/<br>গ্রেড-১৬<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর। | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এইচ. এস. সি অথবা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। বাণিজ্য বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। |
| ইলেকট্রিশিয়ান<br>বেতনস্কেল ঃ ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ন্যূনতম এস. এস. সি পাশসহ স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সের সনদধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| বাবুর্চী<br>বেতনস্কেলঃ ৮৮০০-২১৩১০/-<br>গ্রেড-১৮<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ন্যূনতম অষ্টম শেনী পাশসহ দেশী/বিদেশী রান্নার কাজে পারদশীতা সহ ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| লিফট অপারেটর<br>৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর। | প্রার্থীকে অবশ্যই এসএসসি (কারিগরি/ভোকেশনাল) পাসসহ লিফট সংক্রান্ত কাজে কমপক্ষে ০১(এক) বছরের প্রাথমিক কারিগরি দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>এসএসসি (বিজ্ঞান) পাসসহ লিফট সংক্রান্ত কাজে কমপক্ষে ০২(দুই) বছরের প্রাথমিক কারিগরি দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| সহকারী বাবুর্চী<br>বেতনস্কেল ঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ন্যূনতম ৫ম শ্রেনী পাশসহ দেশী বিদেশী রান্নার কাজে পারদশীতাসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| টেবিলবয়/টেবিলগার্ল/সিকবয়/সিকগার্ল<br>বেতনস্কেল ঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ন্যূনতম অষ্টম শ্রেনী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন। |
| অফিস সহায়ক<br>বেতনস্কেল ঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০<br>বয়স ঃ সর্বোচ্চ ৩০ বছর | ন্যূনতম অষ্টম শ্রেনী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন। |

G:\Kamal-2024\MPQ\Other MPQ.doc

29/02/2024 29/02/2024